200

দৈনিক ইনকিলাব

তারিখ ... 12 AUG 1997...
পৃষ্ঠা ৭ কলাম ২

লালমোহন কলেজ কেন্দ্রে উচ্চ মাধ্যমিক পরীক্ষা স্থগিতে

# ২ মাসেও পরীক্ষা না নেয়ায় ৬শ' পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত

ভোলা থেকে জেলা সংবাদদাতা ঃ দীর্ঘ ২ মাস অতিবাহিত হলেও উচ্চ মাধ্যমিক পরীক্ষার স্থগিত ইংরেজী ২য় পত্র পরীক্ষা গ্রহণ করার উদ্যোগ কর্তৃপক্ষ এখনো গ্রহণ না করায় ভোলার লালমোহন শাহবাজপুর সরকারী কলেজের ৬ শতাধিক পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত হয়ে পড়েছে।

গত ২০ মে ইংরেজী ২য় পত্র পরীক্ষার দিনে নকল ধরাকে কেন্দ্র করে কতিপয় উচ্ছৃঙ্খল পরীক্ষার্থী ও বহিরাগত লোক জন কলেজ কেন্দ্রে হামলা চালায়। তারা অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ) ও লালমোহন থানা নির্বাহী কর্মকর্তার গাড়ীতে অগ্নিসংযোগ করে ভস্মীভূত করে দেয় এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার অয়্যারলেস সেট ছিনিয়ে নেয়। হামলার সময় কর্তব্যরত ম্যাজিস্ট্রেট আলমগীর হোসেনকে লাঞ্ছিত করে। এই পরিস্থিতিতে কর্তৃপক্ষ ওই কেন্দ্র বাতিল করে দেন। বাকী পরীক্ষাসমূহ জেলা সদরে অনুষ্ঠিত হয়। লালমোহন কলেজ কেন্দ্রের ৯৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ শতাধিক ভোলা সদরে এসে পরীক্ষা দেয়।

বাকী পরীক্ষর্থীরা ভোলা এসে পরীক্ষা দিতে অসুবিধাসহ বিভিন্ন কারণে বন্ধ করে দেয়। লালমোহন কলেজ কেন্দ্রের বেশ কিছু পরীক্ষার্থী ভোলা প্রেস ক্লাবে এসে জানায়, তারা কলেজের অধ্যক্ষ, যশোর বোর্ড কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট বিভিন্ন স্থানে যোগাযোগ করে সদুত্তর পায়নি। মাস খানেকের মধ্যে ফল প্রকাশিত হবে। জরুরী ভিত্তিতে ইংরেজী ২য় পত্র পরীক্ষা গ্রহণ করা না হলে ওই কেন্দ্রের কোন পরীক্ষার্থীর ফল প্রকাশিত হবে না।